**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-03-2026** | **Desk in Charge : S.D.G.**
**Time : 1-40P.M.** | **Compiling : Sudip B.**
**DEO: KB** | **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) পশ্চিমবঙ্গে বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে বিভিন্ন সুরক্ষা বাহিনীর আধিকারিকদের সঙ্গে আজ বৈঠকে বসেছে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল। # কয়েক দফায় এই বৈঠক হবে।

২/ রাজ্যসভায় পশ্চিমবঙ্গ সহ ১০ টি রাজ্যের ৩৭টি আসনে নির্বাচনের জন্য প্রার্থীপদ দাখিলের আজই শেষ দিন। # ইতমধ্যেই বিধানসভায় মনোনয়ন পত্র দাখিল করেছেন তৃণমূল কংগ্রেসের চার এবং একমাত্র বিজেপির প্রার্থী।

৩) দোল এবং হোলির কারণে দুদিন বন্ধ থাকার পর আজ রাজ্যে ফের শুরু হয়েছে বিজেপির ‘পরিবর্তন যাত্রা’। # উপস্থিতি থাকছেন একাধিক কেন্দ্রীয় মন্ত্রী এবং হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী।

৪/ পুলিশের হাতে গ্রেপ্তার, হাওড়ার পিলখানায় প্রমোটার সৌফিক খান খুনে মূল অভিযুক্ত হারুণ খান ও রোহিত হোসেন।

৫/ ISL ফুটবলে আজ ইস্টবেঙ্গল FC গোয়ার মুখোমুখি হবে।

**********************************************************************

রাজ্যে বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ বিভিন্ন সুরক্ষা বাহিনীর আধিকারিকদের সঙ্গে একাধিক বৈঠকে বসছে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল।

এদিকে, আগামী ৮ই মার্চ কলকাতায় আসছে চার সদস্যের এক প্রতিনিধি দল। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে ঐ দলে রয়েছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সি, এবং ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। প্রতিনিধি দলটি নির্বাচন সংক্রান্ত বিষয়গুলি নিয়ে CEO দপ্তরের আধিকারিকদের সঙ্গে আলোচনা করবেন বলে সূত্রের খবর।

অন্যদিকে, আগামী ৯ এবং ১০ই মার্চ মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, দুই নির্বাচন কমিশনার সুখবীর সিং সান্ধু এবং বিবেক যোশী রাজ্যে আসছেন। নির্বাচনী আধিকারিক ও প্রশাসনিক প্রতিনিধিদের সঙ্গে টানা বৈঠক করবেন তারা। আইনশৃঙ্খলা পরিস্থিতি ও আসন্ন নির্বাচনের প্রস্তুতির সামগ্রিক পরিকাঠামো খতিয়ে দেখা হবে। পরিবহন, স্বাস্থ্য, পূর্ত, বিদ্যুত্ এবং নারী ও শিশু কল্যাণ দপ্তরের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পাশাপাশি রাজ্যের স্বীকৃত ৮ টি রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গেও তারা কথা বলবেন।

**********************

ভোটের নির্ঘন্ট ঘোষণার আগেই কলকাতা শহরের বিভিন্ন এলাকায় কেন্দ্রীয় বাহিনীর টহলদারি শুরু হয়েছে। গতকাল তালতলা, মুচিপাড়া, গিরিশপার্ক সহ বিভিন্ন থানা এলাকায় টহল দিয়েছেন তারা।

বাঁকুড়ার জঙ্গলমহল, পুরুলিয়ার বিভিন্ন গ্রামীণ এলাকা, দুই বর্ধমান, হাওড়া, কোচবিহারেও চলছে কেন্দ্রীয় বাহিনীর টহলদারি।

ভোট ঘোষণার আগেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন প্রকৃত পক্ষে রাজ্যের আইনশৃঙ্খলার কঙ্কালসার চেহারাই সকলের সামনে আরও একবার প্রকট হয়েছে বলে অভিযোগ করেছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য।

**********************

রাজ্যসভায় পশ্চিমবঙ্গ সহ ১০ টি রাজ্যের ৩৭টি আসনে নির্বাচনের জন্য প্রার্থীপদ দাখিলের আজই শেষ দিন। আগামীকাল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। ৯ই মার্চ পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে। ভোটগ্রহণ ১৬ই মার্চ। সেদিনই ফলাফল ঘোষণা করা হবে।

মহারাষ্ট্রের সাতটি, তামিলনাড়ুর ৬ টি, বিহার এবং পশ্চিমবঙ্গের ৫ টি, ওড়িশার চারটি, আসামের তিনটি, তেলেঙ্গানা, ছত্তিশগড়, হরিয়ানার দুটি করে এবং হিমাচল প্রদেশের একটি আসনে ভোট নেওয়া হবে।

আজ এরাজ্য থেকে বিজেপির রাজ্যসভার প্রার্থী হিসাবে মনোনয়ন পত্র জমা দিয়েছেন দলের প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা। বিধানসভায় এই উপলক্ষে তার সঙ্গে উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য, দলের প্রধান মুখপাত্র দেবজিত্ সরকার প্রমুখ।

আজই মনোনয়ন পত্র জমা দিচ্ছেন তৃণমূল কংগ্রেসের প্রার্থী রাজীব কুমার, বাবুল সুপ্রিয়, কোয়েল মল্লিক এবং মেনকা গুরুস্বামী।

**********************

রাজ্যে চলতি SIR আবহের মধ্যেই পূর্ব বর্ধমানের মেমারিতে নাগরিকত্ব শংসাপত্র পেয়েছেন ২১ জন আবেদনকারী। ভারতীয় নাগরিকত্বের স্বীকৃতি পেয়ে স্বস্তির নি:শ্বাস ফেলছেন মেমারির পারিজাত নগরের এই বাসিন্দারা। গতকাল এক বিশেষ কর্মসূচীতে ২১ জনের হাতে তুলে দেওয়া হয় CAA শংসাপত্র। যাঁরা শংসাপত্র পেয়েছেন তাঁরা সকলেই বিভিন্ন সময়ে বাংলাদেশ থেকে এদেশে এসেছেন। প্রদীপ কুমার রায় শংসাপত্র হাতে পাওয়ায় বেশ খুশী।

( বাইট- প্রদীপ )

স্থানীয় বিজেপি পঞ্চয়েত সদস্য হরিদাস মন্ডল জানিয়েছেন, ঐ এলাকা থেকে মোট ৫০০ টি আবেদনপত্র জমা পড়ে। খুব শীঘ্রই বাকিরাও শংসাপত্র পাবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

পশ্চিম বর্ধমানের কাঁকসার শিবপুর ও বনকাটির দুই উদ্বাস্তু পরিবার সিএএ-তে আবেদন করে ভারতীয় নাগরিকত্ব পেয়েছে। অজয়পল্লীর বাসিন্দা ডালিম বিশ্বাস ২০০১ সালে

বাংলাদেশের হাটমালঞ্চি থেকে এদেশে চলে আসেন। গতকাল তাঁর শংসাপত্র বাড়িতে এসে পৌঁছয়।

এদিকে, কাঁকসার বনকাটি পঞ্চায়েতের এগারো মাইলের বাসিন্দা পীযূষ মৈত্রও ২০০৪ সালে বাংলাদেশের তিকরডাঙা থেকে ভারতে আশ্রয় নেন। গতকাল তাঁর কাছেও শংসাপত্র এসে পৌঁছয়।

**********************

দোল এবং হোলির কারণে দুদিন বন্ধ থাকার পর আজ রাজ্যে ফের শুরু হয়েছে বিজেপির পরিবর্তন যাত্রা। ৯ টি জায়গায় পরিবর্তন যাত্রার আয়োজন করা হচ্ছে। পাশাপাশি বৃহত্তর কলকাতার ২৯ টি বিধানসভা কেন্দ্রে একটি করে ট্যাবলো বেরোচ্ছে।

কোচবিহারের শীতলকুচিতে আজ পরিবর্তন যাত্রায় অংশ নিচ্ছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ।

উত্তরাখন্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জে পরিবর্তন যাত্রার উদ্বোধন করবেন।

আসানসোলের বুধা প্যারেড গ্রাউন্ডে পরিবর্তন যাত্রার সূচনা করবেন ঝাড়খন্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী অর্জুন মুন্ডা।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর উত্তর দিনাজপুরের ইসলামপুরে এই কর্মসূচীতে অংশ নেবেন।

পাশাপাশি বিজেপির জাতীয় কর্মসমিতির সদস্য অভিনেতা মিঠুন চক্রবর্তী কলকাতায় রানী রাসমণি রোডে পরিবর্তন যাত্রার সূচনা করবেন।

হাওড়ার উলুবেরিয়ায় পাত্রপোল ফুটবল ময়দানে পরিবর্তন যাত্রায় অংশ নিচ্ছেন তিনি। উপস্থিত থাকছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার আজ উত্তর ২৪ পরগণার টাকিতে এবং বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল পশ্চিম বর্ধমানের কুলটিতে পরিবর্তন যাত্রায় অংশ নেবেন।

**********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে রাজ্যে আইন শৃঙ্খলার চরম অবনতি হয়েছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী তথা বিজেপি নেতা ডক্টর সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। কোচবিহার দু নম্বর ব্লকের মহিষবাথান এলাকায় বিজেপির পরিবর্তন যাত্রার একটি গাড়িতে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা গতরাতে ভাঙুর চালায় বলে তিনি অভিযোগ করেছেন। সুকান্তবাবু বলেন, বিজেপির পরিবর্তন যাত্রা, রাজ্যে জনপ্রিয়তা পাওয়ায় তৃণমূল কংগ্রেস কর্মীদের মধ্যে ভয় ও হতাশা তৈরি হয়েছে। এটি তারই প্রতিফলন। আজ এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি বলেন, রাতের অন্ধকারে যত হামলাই হোক না কেন, ২৬-এর নির্বাচনে তৃণমূল কংগ্রেসের পরাজয় অবশ্যম্ভাবী।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং পশ্চিম বিধানসভার বাহিরসোনা এলাকায় বিজেপির সংকল্প যাত্রার ফেস্টুন ছেঁড়ার অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। তারা অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

**********************

এসআইআর-এর প্রতিবাদে আগামীকাল নির্ধারিত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ধর্ণা কর্মসূচীকে কটাক্ষ করেছেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। আজ সকালে সাংবাদিকদের তিনি বলেন, মুখ্যমন্ত্রী সারা জীবন বিক্ষোভ করেই কাটিয়েছেন। বাংলার জন্য কিছু করেন নি।

( বাইট- দিলীপ )

উল্লেখ্য, গত ২৮ শে ফেব্রুয়ারি অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ধর্মতলায় মুখ্যমন্ত্রীর ধর্ণা কর্মসূচীর কথা ঘোষণা করেন।

**********************

বেতন বৃদ্ধি এবং স্থায়ীকরণ সহ একাধিক দাবীতে পার্শ্ব শিক্ষক ঐক্যমঞ্চের ‘কালীঘাট অভিযান’-কে কেন্দ্র করে আজ রাজপথে উত্তেজনা।

শিয়ালদা থেকে মিছিল করে কালীঘাট যাওয়ার কথা থাকলেও পুলিস তাঁদের পথ পরিবর্তন করে কলেজ স্কোয়ারের দিকে ঘুরিয়ে দেয়। জেলার বিভিন্ন প্রান্ত থেকে পার্শ শিক্ষকরা মিছিলে অংশ নিয়েছেন। দাবী পূরণ না হলে আগামী দিনে আরো বড় আন্দোলন গড়ে তোলার হুঁশিয়ারি দিয়েছেন পার্শ্ব শিক্ষকরা।

*********************

হাওড়ার পিলখানায় প্রোমোটার সৌফিক খান খুনে মূল অভিযুক্ত হারুন খান এবং রোহিত হোসেনকে গ্রেপ্তার করেছে পুলিশ। দিল্লী থেকে তাদের পাকড়াও করা হয় বলে জানা গেছে। এই ঘটনায় আগেই চারজনকে গ্রেপ্তার করেছিল পুলিশ।

খুনে ব্যবহৃত আগ্নেয়াস্ত্র উদ্ধার হয় বউবাজারে এক অভিযুক্তের বাড়ির জলের ট্যাঙ্ক থেকে। CID ঘটনার তদন্ত করছে।

*********************

মধ্য প্রাচ্যে চলতি সংকটের মধ্যে কলকাতা বিমান বন্দর এবং আরব আমির শাহির দুবাইয়ের মধ্যে বিমান চলাচল ফের শুরু হয়েছে। গত ২৮ শে ফেব্রুয়ারি সকাল ৮ টা বেজে ৩৫ মিনিটে একটি বিমান দুবাইয়ের উদ্দেশে রওনা দেয়। ১১৩ ঘন্টার বেশি বন্ধ থাকার পর আজ রাত ২ টো ৪০ মিনিট নাগাদ দুবাই থেকে একটি বিমান কলকাতায় এসেছে বলে বিমান বন্দর সূত্রে খবর।

এদিকে, পশ্চিম এশিয়া এবং উপসাগরীয় অঞ্চলে সংঘর্ষের তীব্রতা বৃদ্ধির প্রেক্ষিতে বিদেশ মন্ত্রক একটি কন্ট্রোল রুম তৈরি করেছে। সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত এই কন্ট্রোল রুম খোলা থাকবে।

এছাড়াও, সংঘাতদীর্ণ অঞ্চলে থাকা ভারতীয় দূতাবাস ২৪ ঘণ্টা জরুরি হেল্পলাইন চালু করেছে।

*********************

শান্তিনিকেতনে আজ এবং আগামীকাল বসন্ত বন্দনার আয়োজন করা হয়েছে। গৌড়প্রাঙ্গনে এই অনুষ্ঠান হবে।

উল্লেখ্য এবছর দোলের দিন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ছুটি ছিল। বন্ধ ছিল সোনাঝুরির হাটও।

**********************

দোল ও হোলিতে অশান্তি ও অভব্য আচরণের অভিযোগে কলকাতা পুলিশ মঙ্গল ও বুধবার মিলিয়ে মোট ৬০৭ জনকে গ্রেপ্তার করেছে। এর মধ্যে অধিকাংশের বিরুদ্ধেই মত্ত অবস্থায় ঘোরাফেরা এবং অভব্য আচরণের অভিযোগ রয়েছে।

**********************

দক্ষিণ ২৪ পরগনার কুলপি ব্লকের খাসমহল এলাকায় এক পথ দুর্ঘটনায় আজ সকালে দুই বাইক আরোহীর মৃত্যু হয় । ৫২ বছর বয়সী উত্তম নস্কর ও বছর ২২-এর সৌমেন হালদার বাইকে করে যাওয়ার সময়, একটি বড় গাড়ি পেছন দিক থেকে এসে তাদের বাইকটিকে ধাক্কা মারে। দু'জনেই রাস্তায় ছিটকে পড়েন। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, এরপর ওই গাড়িটি তাদের পিষে দিয়ে দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। খবর পেয়ে কুলপি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়।

**********************

রাজ্যে আগামী কয়েক দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে কিছুটা বেশি। তবে বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প প্রবেশের পরিমাণ বৃদ্ধি এবং একটি নিম্নচাপ অক্ষরেখা তৈরি হওয়ার সম্ভাবনা থাকায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আগামী ৮ তারিখ থেকে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায়।

উত্তরবঙ্গেও আগামী তিন-চার দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে, তবে শনিবার থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

**********************

আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল এফ সি গোয়ার মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। ইস্টবেঙ্গল তিন ম্যাচে ছয় পয়েন্ট সংগ্রহ করেছে। সমসংখ্যক ম্যাচে গোয়ার পয়েন্ট সাত।

******************************************************************